DD(F)

**কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর**
অডিট কমপ্লেক্স (১৫-তলা)
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.agriaudit.org.bd

নং-৮২.১৮.০০০০.০০১.৪৩.৫২৩.২২-৬৮৫ তারিখঃ ২৯/১২/২০২২ খ্রি.

মহাপরিচালক
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।

বিষয়ঃ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর এর ২০২১-২০২২ অর্থবছরের কমপ্লায়েন্স অডিট রিপোর্ট প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট ময়মনসিংহ এর ২০২১-২০২২ অর্থবছরের কমপ্লায়েন্স অডিট ২৮/০৮/২০২২ খ্রি. তারিখ হতে ২৫/১০/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত সময়ে সম্পন্ন করা হয়েছে। নিরীক্ষা দল কর্তৃক দাখিলকৃত কমপ্লায়েন্স অডিট রিপোর্ট এ ৩৭ টি অডিট অনুচ্ছেদ সন্নিবেশিত ছিল। আলোচ্য অনুচ্ছেদসমূহ যাচাই কমিটি (Quality Assurance Committee-1) কর্তৃক পর্যালোচনার প্রেক্ষিতে অনুচ্ছেদ নং ০১, ০২, ০৩, ০৪, ০৫, ০৬, ০৭, ০৮, ০৯, ১০, ১১ ও ১২ সহ মোট= ১২ টি কে SFI এবং অনুচ্ছেদ নং- ১৩, ১৩, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৪, ও ৩৫মোট=২৩টি কে Non SFI হিসেবে সুপারিশ করা হয় এবং অনুচ্ছেদ নং ৩৬ ও ৩৭ কে প্রত্যাহার করার সিদ্ধান্ত গৃহীত হয়। অনুচ্ছেদসমূহ কমপ্লায়েন্স অডিট রিপোর্ট এ অন্তর্ভুক্ত করতঃ এতদসঙ্গে প্রেরণ করা হলো।

এমতাবস্থায়, কমপ্লায়েন্স অডিট রিপোর্ট এ বর্ণিত SFI (গুরুতর আর্থিক অনিয়ম) অনুচ্ছেদসমূহের ক্ষেত্রে নিষ্পত্তিমূলক জবাব মন্ত্রণালয়ের মাধ্যমে এবং Non-SFI অনুচ্ছেদসমূহের জবাব সরাসরি পত্রটি ইস্যুর তারিখ হতে ০৩ (তিন) সপ্তাহের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে।

সংযুক্তঃ ১। প্রতিবেদন টি ( ) পাতা।

২৯/১২/২২
(মোসাঃ আফরোজা আক্তার রিম্মি)
উপপরিচালক
সেক্টর-০১
ফোনঃ ০২-৪৮৩১৬৮৫৬

নং-৮২.১৮.০০০০.০০১.৪৩.৫২৩.২২-৬৮৫ তারিখঃ ২৯/১২/২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। সচিব, কৃষি মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।[ প্রতিবেদনে অন্তর্ভুক্ত ১২ (বারো) টি SFI (গুরুতর আর্থিক অনিয়ম) অনুচ্ছেদ এর কপি পরবর্তী সদয় কার্যক্রম গ্রহণার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো ]।
২। ডেপুটি সিএজি (এএন্ডআর), সিএজি কার্যালয়, ৭৭/৭, অডিট ভবন, কাকরাইল, ঢাকা-১০০০।
৩। পিএটু মহাপরিচালক/পরিচালক, কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর।
৪। অফিস কপি/ গার্ড ফাইল।

(মোসাঃ আফরোজা আক্তার রিম্মি)
উপপরিচালক
সেক্টর-০১
ফোনঃ ০২-৪৮৩১৬৮৫৬

# SFI অনুচ্ছেদ সমূহ

| অনুচ্ছেদ নম্বর | আপত্তির শিরোনাম | জড়িত টাকা |
|---|---|---|
| ১ | বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট আইনে উল্লেখ থাকা সত্ত্বেও ইনস্টিটিউটের হিসাবেব বার্ষিক বিবরণী প্রস্তুত করা হয়নি এবং চার্টার্ড একাউনটেন্ট (সিএ) ফার্ম দ্বারা হিসাব নিরীক্ষা করা হয়নি। | ০ |
| ২ | বিধি বর্হিভূতভাবে বেসরকারি স্কুল ভবনের সম্প্রসারণ কাজ সম্পাদন করায় অনিয়মিত ব্যয় ১,৫৫,৫০,৮৭৫/-টাকা। | ১৫৫৫০৮৭৫ |
| ৩ | ১১তম গ্রেডের SA(Fieldman) পদে নিয়োগের ছাড়পত্র গ্রহণ করে নিয়োগপূর্বক ১০ম গ্রেডে বেতন নির্ধারণ করায় সংস্থার আর্থিক ক্ষতি ৩৫,৬০,৯৯০/-(পয়ত্রিশ লক্ষ ষাট হাজার নয়শত নব্বই) টাকা। | ৩৫৬০৯৯০ |
| ৪ | আইন বহির্ভূতভাবে জিওবি তহবিল হতে কর্মকর্তা/কর্মচারীদের বীমা প্রিমিয়াম পরিশোধ করায় আর্থিক ক্ষতি ৩৯,৯৩,৮৩৮/- টাকা। | ৩৯৯৩৮৩৮ |
| ৫ | কৃষি ফার্ম শ্রমিক নিয়োগ ও নিয়ন্ত্রণ নীতিমালা-২০১৭ লঙ্ঘন করে মৌসুমী শ্রমিক নিয়োগ ও বিল পরিশোধ করায় ৭৭,২১,৭০০/- টাকা অনিয়মিত ব্যয়। | ৭৭২১৭০০ |
| ৬ | পিপিআর, ২০০৮ এর শর্ত পরিপালন না করে সরাসরি নগদ ক্রয়ে নির্ধারিত সীমার অতিরিক্ত অনিয়মিত ব্যয় ৩৩,২৯,৬০৪/- টাকা। | ৩৩২৯৬০৪ |
| ৭ | গবেষণা মাঠে/জমিতে প্রাপ্যতার অতিরিক্ত শ্রমিক দেখিয়ে মজুরি পরিশোধ করায় আর্থিক ক্ষতি ৫৩,৪৮,৪৭৫/- টাকা। | ৫৩৪৮৪৭৫ |
| ৮ | আর্থিক ক্ষমতা অর্পণ ২০১৫ এর নির্ধারিত সীমা অতিরিক্ত অর্থ যানবাহন মেরামতে ব্যয় করায় অনিয়মিত ব্যয় ১২,৩৬,৩৩৫/-টাকা। | ১২৩৬৩৩৫ |
| ৯ | বিধি বহির্ভূতভাবে প্রাপকের প্রাপ্য অর্থের চেক প্রাপকের হিসাবে প্রদান না করে জনৈক ব্যক্তি/ব্যক্তিবর্গের নামে প্রদান করায় অনিয়মিত ব্যয় ১৪,২৪,৫০০/-টাকা। | ১৪২৪৫০০ |
| ১০ | পিপিআর, ২০০৮ এর শর্ত লঙ্ঘন করে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ওটিএম) এর পরিবর্তে সীমিত দরপত্র পদ্ধতিতে (এলটিএম) সীড স্টোর নির্মাণ করায় অনিয়মিত ব্যয় ৩৫,০০,০০০/-টাকা | ৩৫০০০০০ |
| ১১ | অর্থ মন্ত্রণালয়ের পরিপত্রের নির্দেশনা লঙ্ঘন করে ভ্রমণ ভাতা খাতের ব্যয় ৫০% হ্রাস না করায় অতিরিক্ত ব্যয় ৩,০০,০০০ টাকা। | ৩০০০০০ |
| ১২ | পিপিএনবিতে নির্ধারিত দর অপেক্ষা অধিক দরে ল্যাব যন্ত্রপাতি ক্রয় করায় আর্থিক ক্ষতি ৯,৬০,০০০/- টাকা। | ৯৬০০০০ |
| | সর্বমোট | ৪৬৯২৬৩১৭ |

কথায় :চার কোটি উনসত্তর লক্ষ ছাব্বিশ হাজার তিন শত সতের

# NON-SFI অনুচ্ছেদ সমূহ

| অনুচ্ছেদ নম্বর | আপত্তির শিরোনাম | জড়িত টাকা |
|---|---|---|
| ১৩ | সিএসও এর জন্য নির্ধারিত এয়ারমার্ক বাসায় বসবাস না করে বাড়ী ভাড়া উত্তোলন করায় ৩,০৪,৪৪০/- টাকা আর্থিক ক্ষতি। | ৩০৪৪৪০ |
| ১৪ | অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা লঙ্ঘন করে এক খাতের বরাদ্দকৃত অর্থ অন্য খাতে পরিশোধ করায় অনিয়মিত ব্যয় ১৪,১৩,৪৪৫/- টাকা। | ১৪১৩৪৪৫ |
| ১৫ | আর্থিক ক্ষমতা অর্পণ-২০১৫ অনুযায়ী ডিপিপিতে অর্থ বরাদ্দ না থাকা সত্ত্বেও আসবাবপত্র ও মটরসাইকেল ক্রয়পূর্বক অর্থ পরিশোধ করায় অনিয়মিত ব্যয় ৯,৫৫,১৩০/- টাকা। | ৯৫৫১৩০ |
| ১৬ | কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনা লঙ্ঘন করে অননুমোদিত জিপিএফ খাতে অর্থ ব্যয় করায় আর্থিক ক্ষতি ১,৫০,০০,০০০/- (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা। | ১৫০০০০০০ |
| ১৭ | কর্মকর্তাদের নিকট হতে নির্ধারিত হারে বাড়ি ভাড়া কর্তন না করায় সরকারের ৭,৩৮,৬৭২/-টাকা আর্থিক ক্ষতি। | ৭৩৮৬৭২ |
| ১৮ | প্রি মেজারমেন্ট এবং পোষ্ট মেজারমেন্ট না করে loose volume এ মাটি ভরাট দেখিয়ে অনিয়মিতভাবে ৯,৯৮,৩৯২/- টাকা পরিশোধ। | ৯৯৮৩৯২ |
| ১৯ | পিপিআর-২০০৮ লঙ্ঘন করে মালামালের গুনগতমানের টেষ্ট রিপোর্ট ছাড়াই ঠিকাদারকে বিল পরিশোধ বাবদ অনিয়মিত ব্যয় ৩,১১,৮৫,০০০/- টাকা। | ৩১১৮৫০০০ |
| ২০ | পিপিআর-২০০৮ মোতাবেক দরপত্র না পাওয়া সত্ত্বেও আরএফকিউ পদ্ধতিতে ক্রয় কার্য সম্পাদনপূর্বক অর্থ পরিশোধ করায় অনিয়মিত ব্যয় ৭,৪৩,২৫০/- টাকা। | ৭৪৩২৫০ |
| ২১ | বিধি লঙ্ঘন করে বাসায় বসবাস না করা সত্ত্বেও মেরামত ব্যয় করায় আর্থিক ক্ষতি ২,৩০,৭০০/- টাকা। | ২৩০৭০০ |
| ২২ | পিপিআর-২০০৮ অনুসরণ না করে ডিপিএম পদ্ধতিতে মটরসাইকেল ক্রয়ে অর্থ পরিশোধ করায় অনিয়মিতভাবে ব্যয় ৭,০৮,০০০ টাকা। | ৭০৮০০০ |
| ২৩ | প্রয়োজন না থাকা সত্ত্বেও বছরভিত্তিক আর্থিক ও বাস্তব পরিকল্পনা বর্হিভূত অর্থ পরিশোধ করায় অনিয়মিতভাবে ব্যয় ৬,০১,১৩০ টাকা। | ৬০১১৩০ |
| ২৪ | পিপিএনবিতে মাঠপর্যায়ে কর্মশালা খাতে অর্থ মন্ত্রণালয় কর্তৃক বাজেট বরাদ্দ প্রদান না করা সত্ত্বেও মাঠপর্যায়ে কর্মশালা বাবদ অর্থ ব্যয় করায় অনিয়মিত ব্যয় ৮,১৪,৪২৬/- টাকা। | ৮১৪৪২৬ |
| ২৫ | অর্থ মন্ত্রণালয়ের আদেশ লঙ্ঘন করে প্রাপ্যতার অতিরিক্ত প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা প্রদান করায় আর্থিক ক্ষতি ২,৩৩,০০০/- টাকা। | ২৩৩০০০ |
| ২৬ | Earth work in excavation হতে প্রাপ্ত salvage মাটির মূল্য ঠিকাদারের বিল হতে বাদ না দেওয়ায় ১,৮২,১৮২/- টাকা আর্থিক ক্ষতি। | ১৮২১৮২ |
| ২৭ | প্রাধিকার বহির্ভূত কর্মকর্তাদের মোবাইল ভাতা প্রদান করায় আর্থিক ক্ষতি ২,০৪,০০০/-টাকা। | ২০৪০০০ |
| ২৮ | বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর মালিকানাধীন ভূমিতে অবস্থিত সোনালী ব্যাংক লিমিটেড, জয়দেবপুর শাখা হতে ভাড়া আদায় না করায় আর্থিক ক্ষতি ৪,৩২,০০০/-টাকা। | ৪৩২০০০ |

| অনুচ্ছেদ নম্বর | আপত্তির শিরোনাম | জড়িত টাকা |
|---|---|---|
| ২৯ | পিপিআর, ২০০৮ এর শর্ত পরিপালন না করে সরাসরি নগদ ক্রয়ে নির্ধারিত সীমা অতিরিক্ত অর্থ পরিশোধ করায় অনিয়মিত ব্যয় ৫,১৫,২২৫/- টাকা। | ৫১৫২২৫ |
| ৩০ | বিধি মোতাবেক কর্মকর্তা/কর্মচারীদের বেতন থেকে কর্তনকৃত যৌথবীমা ও কল্যাণ তহবিলের অর্থ সরকারি কোষাগারে জমা না করায় সরকারের আর্থিক ক্ষতি ৯,৬৬,০০০/- টাকা । | ৯৬৬০০০ |
| ৩১ | পিপিআর, ২০০৮ মোতাবেক বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজের প্রাক্কলিত ব্যয় প্রস্তুত এবং উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ওটিএম) অনুসরণ না করায় অনিয়মিত ব্যয় ২১,৯৯,২৪৯/-টাকা। | ২১৯৯২৪৯ |
| ৩২ | আবাসিক বাসায় বসবাসকারীগণের নিকট হতে বিদ্যুৎ বিল বাবদ প্রাপ্ত অর্থ সরকারি কোষাগারে জমা না করে সংস্থার তহবিলে জমা করায় ১,৫২,৬১২/- টাকা আর্থিক ক্ষতি। | ১৫২৬১২ |
| ৩৩ | আইনের বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত নতুন জাতসমূহের মেধাস্বত্ব নিশ্চিতকরণের পদক্ষেপ গ্রহণ না করায় প্রতিষ্ঠান মেধাস্বত্ব হতে বঞ্চিত। | ০ |
| ৩৪ | মাছ বিক্রয় বাবদ প্রাপ্ত অর্থ প্রতিষ্ঠানের তহবিলে জমা প্রদান না করায় ১,৭৫,০০০/-টাকা আর্থিক ক্ষতি । | ১৭৫০০০ |
| ৩৫ | অর্থ বছর শেষে প্রতিষ্ঠানের অব্যয়িত অর্থ সরকারি কোষাগারে ফেরৎ প্রদান না করায় আর্থিক ক্ষতি ৫৭,২৫০/- টাকা। | ৫৭২৫০ |
| | সর্বমোট | ৫৮৮০৯১০৩ |

কথায় :পাঁচ কোটি আটাশি লক্ষ নয় হাজার এক শত তিন

**অনুচ্ছেদ নম্বর :** ১৩

**শিরোনাম :** সিএসও এর জন্য নির্ধারিত এয়ারমার্ক বাসায় বসবাস না করে বাড়ী ভাড়া উত্তোলন করায় ৩,০৪,৪৪০/- টাকা আর্থিক ক্ষতি।

**বিবরণ :**

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুরের আওতাধীন ব্রি আঞ্চলিক কার্যালয় কুমিল্লা কর্তৃক ২০২১-২০২২ অর্থ বছরে সিএসও এর জন্য নির্ধারিত এয়ারমার্ক বাসায় না থাকা সত্ত্বেও বাড়ী ভাড়া প্রদান করায় ৩,০৪,৪৪০/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় বাসা বরাদ্দ ও বেতন বিবরণী পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, চিফ সাইন্টিফিক অফিসার এবং প্রধান এর নামে এয়ারমার্ক বাসা রয়েছে।সিএসও এর জন্য নির্ধারিত এয়ারমার্ক বাসায় না থাকা সত্ত্বেও বাড়ী ভাড়া প্রদান করা হয়েছে।

[স্ব-সাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ ২০১৫ এর অনুচ্ছেদ নং ১৬(৩) মোতাবেক যে সকল কর্মচারী সরকারী বাসস্থানে বসবাস করেন, ০১ জুলাই ২০১৫ হতে তাদের মূল বেতনের ৫%-৭.৫% হরে বাড়ী ভাড়া কর্তনের বর্তমান বিধানাবলী রহিত করা হল এবং ০১ জুলাই ২০১৫ হতে ইতো:মধ্যে কর্তনকৃত অর্থ সমন্বয়যোগ্য হবে। অনুচ্ছেদ নং ১৬(৪) মোতাবেক যে সকল কর্মকর্তা/কর্মচারী বিধি বিধান অনুযায়ী